

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
Website: www.bb.org.bd

এফ,ই সার্কুলার নং- ০২

তারিখ ০৭ চৈত্র, ১৪১৬
২১ মার্চ, ২০১০

বৈদেশিক মুদ্রা লেনদেনের সকল অনুমোদিত ডিলার ব্যাংক ও
লাইসেন্সধারী সকল মানিচেক্সার প্রতিষ্ঠান ।

প্রিয় মহোদয়,

এফ এম জে ফরম সংশোধন প্রসঙ্গে ।

কারেন্সী নোট আমদানী ও রপ্তানী বিষয়ে অত্র বিভাগের ০৪/০৮/০৯ তারিখের এফ,ই সার্কুলার নং-১১ এ
বর্ণিত নির্দেশনার প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

০২। উক্ত সার্কুলারে বর্ণিত নির্দেশনার সূত্রে বিদেশ হতে বাংলাদেশে আগমনকালে শুষ্ক কর্তৃপক্ষের নিকট
বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত ফরমে ঘোষণা প্রদান না করে সংগে আনয়নযোগ্য এবং বাংলাদেশ থেকে
বহির্গমনকালে সংগে বহনের বাংলাদেশী কারেন্সীর সীমা টাঃ ৫০০/- থেকে টাঃ ২০০০/- এ উন্নীত করা সংক্রান্ত
ঘোষণাপত্রটির (এফ এম জে ফরম) সংশোধিত নমুনা এতদসঙ্গে প্রেরিত হ'ল ।

সংশ্লিষ্ট সকল পক্ষকে অনুগ্রহপূর্বক উপরোলিখিত বিষয়টি অবহিত করবেন এবং ইত্যবসরে প্রাপ্তি স্বীকার
করবেন ।

সংযোজনী : ১ (এক) পাতা ।

(খন্দকার আব্দুস সেলিম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন-৭১২০৩৭৫

বৈদেশিক মুদ্রা ঘোষণা ফরম
(FOREIGN EXCHANGE DECLARATION FORM)

এফএমজে ফরম
FMJ FORM

(১৯৪৭ সালের বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন এর ৮(১) ধারা অনুযায়ী বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রবর্তিত)

(Prescribed by Bangladesh Bank Under Section 8(1) of the Foreign Exchange Regulation Act, 1947)

এই ফরমটি বাংলাদেশে আগমনকারী ব্যক্তি কর্তৃক পূরণ করিতে হইবে।

This form is to be filled in by a person entering Bangladesh.

পূর্ণ নাম :

জাতীয়তা

Full Name :

Nationality :

পাসপোর্ট নং-

ইস্যুর তারিখ

ইস্যুর স্থান

Passport No.

Date of Issue :

Place of Issue :

বাংলাদেশে ঠিকানা

Address in Bangladesh:

পেশা

Profession:

ঘোষণা

DECLARATION

সংগে আনীত বৈদেশিক মুদ্রা/ব্যাংক ড্রাফট/ট্রাভেলার্স চেক

Currency/Bank Draft/Travelers

Cheque brought in:

বৈদেশিক মুদ্রার নাম

পরিমাণ

Name of Currency

Amount

আমি নিম্নস্বাক্ষরকারী, এতদ্বারা প্রত্যয়ন করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যসমূহ সঠিক।

I, as named above, hereby solemnly declare that the information given above is correct.

কাস্টমস অফিসারের স্বাক্ষর :

ঘোষণাকারীর স্বাক্ষর :

Signature of Customs Official

Signature of Declarant

তারিখ

তারিখ :

Date :

Date :

অঃ পৃঃ দঃ

P.T.O

Information for Declarant

(ঘোষণাকারীর জন্য জ্ঞাতব্য)

1. An incoming/outgoing passenger may bring in/take out upto Taka 2000 (two thousand) in Bangladesh currency at the time of arrival into/departure from Bangladesh.
১। বাংলাদেশে আগমন/বাংলাদেশ হইতে বহির্গমনকালে কোন ব্যক্তি বাংলাদেশী মুদ্রা অনধিক ২০০০/ (দুই হাজার) টাকা আনিতে/লইয়া যাইতে পারিবেন ।
2. Any amount of foreign currency may be brought in by an incoming passenger with declaration to the customs authorities in Form FMJ. No declaration, however, is necessary for amounts brought in upto US\$ 5000/= or equivalent. For a foreigner, the entire amount brought in with declaration or upto US\$ 5000/= brought in without declaration may be taken out freely at the time of departure. Upto US\$ 5000/= brought in without declaration by a Bangladeshi may also be retained and taken out freely while proceeding abroad. Amount in excess of US\$ 5000/=, brought in by the resident Bangladeshis, should, however, be encashed or deposited in appropriate foreign currency account within 30 days of arrival. Such amounts brought in by non-resident Bangladeshis can be encashed or deposited in foreign currency account any time after return to Bangladesh.
২। শুল্ক কর্তৃপক্ষের নিকট এফএমজে ফরমে ঘোষণা প্রদান করিয়া যে কোন পরিমান বৈদেশিক মুদ্রা বাংলাদেশে আগমনকালে সংগে আনা যাইতে পারে । তবে আনীত বৈদেশিক মুদ্রার পরিমান অনধিক মাঃডঃ ৫০০০/- বা সমতুল্য পরিমান হইলে শুল্ক কর্তৃপক্ষের নিকট ঘোষণা প্রদান আবশ্যিক হইবে না । বিদেশীগণের ক্ষেত্রে ঘোষণা প্রদান করিয়া আনীত সমুদয় বৈদেশিক মুদ্রা এবং ঘোষণা প্রদান ব্যতিরেকে আনীত অনধিক মাঃডঃ ৫০০০/- বাংলাদেশ ত্যাগকালে অবাধে প্রত্যাবাসনযোগ্য হইবে। ঘোষণা প্রদান ব্যতিরেকে আনীত মাঃডঃ ৫০০০/- বাংলাদেশী নাগরিকগণের ক্ষেত্রেও সংগে রক্ষণযোগ্য এবং বাংলাদেশ হইতে বহির্গমনকালে সংগে বহনযোগ্য হইবে; এতদ্বিরুদ্ধ যে কোন অংক নিবাসী বাংলাদেশীদের ক্ষেত্রে বাংলাদেশে আগমনের ৩০ দিনের মধ্যে টাকায় ভাঙ্গাইতে/প্রযোজ্য ধরনের বৈদেশিক মুদ্রা হিসাবে জমা করিতে হইবে । অনিবাসী বাংলাদেশী কর্তৃক আনীত এইরূপ অংক বাংলাদেশে ফেরত আসিবার পর যে কোন সময় টাকায় ভাঙ্গাইতে পারিবেন অথবা বৈদেশিক মুদ্রা হিসাবে জমা করিতে পারিবেন ।
3. Encashment of foreign exchange brought in should be done with licensed money changers/ Authorised Dealer bank branches.
৩। সংগে আনীত বৈদেশিক মুদ্রা টাকায় নগদায়ন লাইসেন্স প্রাপ্ত মানিচেন্জার/অনুমোদিত ডিলার ব্যাংক শাখার মাধ্যমে সম্পাদন করিতে হইবে ।
4. An incoming/outgoing adult female passenger may bring in/take out any quantity of personal jewellery worn on her person or as part of her accompanying personal baggage.
৪। বাংলাদেশে আগমন/বাংলাদেশ হইতে বহির্গমনকালে কোন প্রাপ্ত বয়স্ক মহিলা যাত্রী স্বীয় পরিধানে অথবা ব্যক্তিগত ব্যাগেজের অংশরূপে যে কোন পরিমান ব্যক্তিগত অলংকারাদি সংগে আনিতে/লইয়া যাইতে পারিবেন ।